মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক

ব্যবসায়ী আটক, দুটি

মোটরসাইকেল জব্দ

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ মহিরুল ইসলাম(২৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সেই দুটি মোটরসাইকেল জব্দ করেছে গোয়েন্দা পুলিশ।

শনিবার রাতে এসআই তরিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক মহিরুল ইসলাম সদর উপজেলার হরিরামপুর গ্রামের আকবর আলীর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রাম থেকে ৬ বোতল ফেন্সিডিল সহ মহিরুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সেই সাথে দুটি মোটরসাইকেল জব্দ করে ডিবি হেফাজতে রাখা হয়েছে। আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মেপ্র/এমএফআর

বড়বলদিয়ায় বিজিবির মাদক

বিরোধী অভিযান: ১০ কেজি গাঁজা উদ্ধার

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১০ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করতে সক্ষম হয়েছে।

উদ্ধারকৃত গাঁজা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসে জমা করা হয়েছে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন পরিচালক অধিনায়ক মোহাম্মদ

খালেকুজ্জামান (পিএসসি) গতকাল বুধবার রাত ১১ টার দিকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গতকাল বুধবার বিকেল ৫ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনস্থ দর্শনা বিওপির বিশেষ টহল কমান্ডার নায়েক জুলহাস উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তবর্তী

বড়বলদিয়া গ্রামের মাঠে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১০ কেজি ভারতীয় গাঁজা আটক করতে সক্ষম হন। তবে এ ঘটনায় কোন চোরাচালানকারীকে আটক করা সম্ভব হয়নি।

মেহেরপুরে গাঁজাসহ দুইজন আটক

মেহেরপুরে তাসবির হুসাইন সজল (২৫) ও আরিফুল ইসলাম (২২) নামের দুই মাদক কারবারিকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করেছে সদর থানা পুলিশ। বুধবার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে দুপুরে সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামের কবরস্থান থেকে তাদের আটক করা হয়।

আটক তাসবির হুসাইন সজল মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের পশ্চিমপাড়ার মৃত আমিরুল ইসলামের ছেলে ও আরিফুল ইসলাম একই গ্রামের মো. শুকুর আলীর ছেলে।

সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে তিনজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। শনিবার দুপুরে সদর থানার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার হরিরামপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো , ইছাখালী গ্রামের জমসের আলীর ছেলে আলমগীর (২৪) , ঝাঁঝাঁ গ্রামের মৃত চটু সরদারের ছেলে ইমরান (২৬), গোভীপুর গ্রামের ফেরদৌস আলীর ছেলে ইবনে আবু সুফিয়ান (২৪)।

এস আই রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজকেই তাদের আদালতে সোপর্দ করা হবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে দবির আলী নামের এক মাদক ব্যবসায়ীকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করেছে ডিবি পুলিশ। শুক্রবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার শ্যামপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক দবির আলী গাংনী উপজেলার নওয়াপাড়া নবীনপুর গ্রামের মৃত আব্দুল জলিল এর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক দবির আলী বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও দবির আলী বিরুদ্ধে আরও দুইটি মাদকের মামলা বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযান চালিয়ে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার বিকালে এ এস আই সেলিমের নেতৃত্বে অভিযান চালিনো হয় সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামে। এসময় ৪ বোতল ফেন্সিডিলসহ মিন্টু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক মিন্টু একই গ্রামের মসজিদ পাড়ার আসাদুল গাজীর ছেলে।

অপরদিকে একইদিনে সদর উপজেলার গেভিপুর গ্রাম থেকে ৫ পিচ ইয়াবাসহ পলাশ নামের আরেক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। সদর থানা পুলিশের এস আই আব্দুল লতিফের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক পলাশ সদর উপজেলার আমঝুপি গ্রামের মৃত জাফর আলীর ছেলে।

মেপ্র/এমএফআর

দর্শনা থেকে ২৪ বোতল ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানার জয়নগর মাঠে অভিযান চালিয়ে ৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

গতকাল শনিবার ভোর ৪টার দিকে দর্শনা বিওপির টহল কমান্ডার নায়েক মো: আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

উদ্ধারকৃত ফেন্সিডিলের মুল্য আনুমানিক ১৪ হাজার টাকা। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জমা করা হয়েছে।

আলমডাঙ্গায় গাঁজার গাছসহ গাঁজা চাষী আটক

আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রাম থেকে ৭ ফুট উচ্চতার ৬ টি গাঁজার গাছসহ নুর আলী নামের এক গাঁজা চাষিকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার (৪ জুলাই) নুর আলীকে তার বাড়ি থেকে আটক কার হয়।

নুর আলী আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রামের ফজলেক আলী মন্ডলের ছেলে। তার নামে থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

থানার এসআই আব্দুল্লাহ আল মামুন বলেন, আটক নুর আলী তার জমিতে অন্য ফসলের আড়ালে গাঁজার চাষ করে আসছিল। খবর পেয়ে তার জমিতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ৬ টি ৭ ফুট উচ্চতার গাঁজার গাছসহ নুর আলীকে আটক কার হয়। তার নামে মামলা দায়ের হয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৪৭ বোতল ভারতীয় আমদানী নিষিদ্ধ ফেন্সিডিল সহ মো: শিমুল (৩৬) ও মো: সামিরুল ইসলাম (৩৪) নামের দুই মাদক

ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকালে দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান এর নির্দেশে মশাউড়া মন্ডলপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছে থাকা ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।আটককৃত মোঃ শিমুল দৌলতপুর উপজেলার মশাউড়া
এলাকার আজিমুদ্দিনের স্ত্রী ও মোঃ সামিরুল ইসলাম একই উপজেলার গরুড়া এলাকার মৃত রেজাউল সরদারের ছেলে।

দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান জানান, মাদক ব্যবসায়ীদের মধ্যে কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সকালে এসআই মোঃ আব্দুল জব্বার সরকার সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মশাউড়া মন্ডলপাড়া এলাকায় অভিযান চালান। এসময় তাদের দুজনকে ফেনসিডিল সহ আটক করা হয়। এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় গাঁজাসহ যুবক আটক

কুষ্টিয়ার কুমারখালীতে দুই কেজি গাঁজাসহ জিয়াউর রহমান (৩৬) নামে এক যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গতকাল বুধবার বিকেলে উপজেলার শালঘরমধুয়া পশ্চিমপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক জিয়াউর রহমান ওই এলাকার বাসিন্দা।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করে র্যাব-১২ কুষ্টিয়ার ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার স্বজল কুমার সরকার জানান, গোপন সংবাদে ওই এলাকায় অভিযান চালিয়ে জিয়াউর রহমানকে আটক করা হয়।

এসময় তার থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে কুমারখালী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের এই কর্মকর্তা।